দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ৩৯ কলাম ৩

# শহীদ সৈয়দ নজরুল মেডিকেল কলেজ বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার

**কিশোরগঞ্জ ব্যুরো**

কিশোরগঞ্জের শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজে কমিটি গঠন নিয়ে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনায় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার পর রাতে সেই সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়েছে। আজ থেকে ফের যথারীতি কলেজের ক্লাসসহ সামগ্রিক কার্যক্রম চালানোর সিদ্ধান্ত নিয়েছে একাডেমিক কাউন্সিল। রোববার রাত ৮টার দিকে এই সিদ্ধান্ত নেয় কর্তৃপক্ষ।

পরিস্থিতি বিবেচনায় রোববার দুপুরে একাডেমিক কাউন্সিলের মিটিংয়ে কলেজ বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। সিদ্ধান্ত অনুযায়ী রোববার বিকাল ৫টার মধ্যে ছাত্রদের এবং আজ সকালের মধ্যে ছাত্রীদের হল ত্যাগের কথা ছিল। আর এ সিদ্ধান্তের পর বিকাল ৫টার মধ্যেই অধিকাংশ ছাত্রছাত্রী হল ত্যাগ করে চলে যায়।